দৈনিক বাংলা

তারিখ 08 MAY 1994 পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬

৪৪

প্রশ্ন ফাঁস ঃ গ্রেফতার ৩

# ইংরেজী ২য় পত্র পরীক্ষায় বহিষ্কার ১০৪০

স্টাফ রিপোর্টার ঃ এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে শনিবার ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষায় সারাদেশের বিভিন্ন কেন্দ্রে সর্বমোট ১ হাজার ৪০ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কার করা হয়েছে।

কুমিল্লা বোর্ডের প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে ৩ জনকে গ্রেফতার ও প্রশ্নপত্র ফাঁসের ঘটনা তদন্তের জন্য ৭ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। লাকসামে পরীক্ষায় নকল সরবরাহকে কেন্দ্র করে দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষে ১০ জন আহত হয়েছে।

মানিকগঞ্জে বড় ভাইয়ের পরীক্ষা দিতে গিয়ে ধরা পড়ায় ছোট ভাইয়ের ১ বৎসরের বিনাশ্রম কারাদণ্ডের খবর পাওয়া গেছে।

ঢাকা বোর্ড কন্ট্রোল রুম সূত্রে জানা গেছে, বোর্ডের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষায় মোট ২৮৭ জন বহিষ্কার হয়েছে। মানিকগঞ্জ শহর পরীক্ষা কেন্দ্রে বড়ভাইয়ের পরীক্ষা দিতে গিয়ে ধরা পড়ায় কলেজ ছাত্র খোরশেদ আলীর (২২) ১ বৎসরের বিনাশ্রম কারাদণ্ড হয়েছে। সে দেবেন্দ্র কলেজের স্নাতক শ্রেণীর ছাত্র। গোপন সূত্রে খবর পেয়ে ম্যাজিস্ট্রেট তাকে গ্রেফতার করে তাৎক্ষণিকভাবে এই কারাদণ্ড প্রদান করেন।

কুমিল্লা থেকে স্টাফ রিপোর্টার জানান, কুমিল্লা শিক্ষা বোর্ডের চলতি এসএসসি পরীক্ষায় প্রায় সকল প্রশ্নপত্র ফাঁস হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

প্রশ্ন ফাঁসের অভিযোগে অংক প্রশ্নসহ মোট

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ইংরেজী ২য় পত্র

(প্রথম পৃষ্ঠার পর)

৩ জনকে গতরাতে বড়ুরা থানা থেকে পুলিশ গ্রেফতার করেছে।

গতকাল থেকেই কুমিল্লায় ইংরেজী দ্বিতীয় পত্রের হাতে লেখা প্রশ্নপত্র প্রতিটি ৫০ থেকে ১০০ টাকায় বিক্রি হয়েছে। এসব প্রশ্ন গতকালই গ্রাম অঞ্চলেও চলে যায়। একই সাথে অংক ও অন্যান্য প্রশ্নও বিক্রি হচ্ছে।

অংক প্রশ্নের ক ও খ উভয় সেটই ফাঁস হয়েছে। এসব প্রশ্ন ২০ থেকে ৫০ টাকায় বিক্রি হচ্ছে।

গতরাতে বড়ুরা থানায় হাতের লেখা অংক প্রশ্নসহ একই থানার শিবপুর গ্রামের জহিরুল হক ও মোহাম্মদ হানিফকে পুলিশ গ্রেফতার করে। একই সাথে বড়ুরা বাজারের ফটোস্ট্যাট দোকান মালিক অনাথ বন্ধুকেও পুলিশ গ্রেফতার করে।

ইংরেজী দ্বিতীয় পত্রের প্রশ্ন আজ কুমিল্লার স্থানীয় একটি দৈনিকে ছাপা হয়। তাতে পরীক্ষার মূল প্রশ্নপত্রের সাথে হুবহু মিল পাওয়া গেছে, এমনকি নৈর্ব্যক্তিক প্রশ্নও প্রায় সম্পূর্ণ মিলে যায়।

এই ব্যাপারে কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মজিদের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান প্রশ্ন ফাঁসের ব্যাপারে ৭ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

কুমিল্লার বিভিন্ন পরীক্ষা কেন্দ্রগুলোতে ব্যাপকহারে নকল চলছে বলে অভিযোগ পাওয়া গেছে। আজ লাকসামের পরীক্ষা কেন্দ্রে নকল দেয়াকে কেন্দ্র করে দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষে কমপক্ষে ১০ জন আহত হয়। আহতদের ৪ জনকে লাকসাম হাসপাতালে ভর্তি করা হয়েছে।

কুমিল্লা বোর্ডের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে আজ মোট ২৪৩ জনকে বহিষ্কার করা হয়।

রাজশাহী থেকে স্টাফ রিপোর্টার জানান, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে এবারের এসএসসি পরীক্ষায় আজ মোট ৩শ' ৬৫ জন বহিষ্কৃত হয়েছে। রাজশাহী শিক্ষাবোর্ডের কন্ট্রোল রুম সূত্রে জানা গেছে, আজ পরীক্ষা সুষ্ঠুভাবে হয়েছে।

যশোর থেকে স্টাফ রিপোর্টার জানান, যশোর শিক্ষা বোর্ডের কন্ট্রোল রুম জানায় শনিবার এই বোর্ডের বিভিন্ন জেলায় এসএসসি পরীক্ষা কেন্দ্র থেকে ১শ ৪৫ জনকে বহিষ্কার করা হয়েছে।